মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম
Website: https://web.bise-ctg.gov.bd


স্মারক নং-চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/ ৫৮৮ (৩০০)

তারিখ ঃ ১৪/০৭/২০২৪খ্রি:

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত

# বিজ্ঞপ্তি

এতদ্বারা এই বোর্ডের আওতাধীন কলেজ / স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষা বর্ষে একাদশ শ্রেণিতে কলেজে ভর্তির জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১) কলেজ সমূহের ভর্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একাদশ শ্রেণি ভর্তি নীতিমালা-২০২৪ এর নির্দেশনা, তফসিল ও সময়সূচী অনুসরণ করতে হবে।

২) কলেজ সমূহে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ১৫/০৭/২০২৪ খ্রি. তারিখ www.xiclassadmission.gov.bd-তে প্রকাশ করা হবে। কলেজসমূহকে User ID ও Password ব্যবহার করে Result Download –করতে হবে এবং Download-কৃত তালিকা কলেজে সংরক্ষণ করতে হবে। অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা কলেজের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে।

৩) এসএসসি পরীক্ষা ২০২৪ এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট শিক্ষার্থীদের মধ্যে বিতরণ না হওয়ায় মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ব্যতিত ভর্তি করা যাবে। তবে পরবর্তীতে কলেজ কর্তৃক বিষয় রেজিস্ট্রেশনের (eSIF) পূর্বে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কলেজে জমা নিতে হবে। একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর পরিবর্তে ভর্তির সময় (১৫/০৭/২০২৪ থেকে ২৫/০৭/২০২৪খ্রি.) শিক্ষার্থীর এসএসসি পরীক্ষা-২০২৪ এর রেজাল্টের অনলাইন ফলাফলের (Subject wise grade/Mark sheet) প্রিন্ট কপি জমা নিতে হবে। এছাড়া স্কুলের প্রশংসাপত্র, এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, এডমিট কার্ড, পাসপোর্ট সাইজের ছবি জমা রাখতে হবে।

৪) কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি নীতিমালা-২০২৪ এ অনুচ্ছেদ ৩.২ অনুসারে প্রমাণক যাচাই করে কলেজে সংরক্ষণ করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মূলকপি যাচাই পূর্বক ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

৫) নির্বাচিত তালিকার শিক্ষার্থীদের ১৫/০৭/২০২৪ থেকে ২৫/০৭/২০২৪ তারিখের মধ্যে ভর্তি নীতিমালার নির্দেশনা মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং ভর্তির ওয়েবসাইটে www.xiclassadmission.gov.bd-এর নির্দেশনা অনুসারে ২৫/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীর কলেজ কর্তৃক নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। নিশ্চায়নকৃত তালিকা ডাউনলোড করে প্রিন্ট কপি কলেজে সংরক্ষণ করতে হবে। কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীর নিশ্চায়ন কলেজ কর্তৃক নির্ধারিত সময়ে না করলে শিক্ষার্থীর ভর্তি বাতিল হয়ে যাবে এবং শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা যাবে না। এজন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন বিধায় সতর্ক থাকতে হবে।

৬) নিয়মিতভাবে ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এবং এ বোর্ডের ওয়েবসাইট www.bise-ctg.gov.bd এ প্রকাশিত বিজ্ঞপ্তি ও নির্দেশনা অনুসরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৪/৭/২৪

(প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
চট্টগ্রাম।

প্রাপক :
অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান
অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট কলেজ / স্কুল এণ্ড কলেজ।